

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd



জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৩৭.২০.১৪৫

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭

০২ সেপ্টেম্বর ২০২০

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনি জহিরুল কবির চৌধুরী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে সান সাইন ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-১২৪১) এর ব্যবস্থাপনা অংশীদার হিসেবে হজ পোর্টালে অন-লাইনে ২ জন নিবন্ধিত ব্যক্তির নিবন্ধন বাতিলপূর্বক টাকা ফেরতের আবেদন করেছেন। আবেদনসমূহ যাচাইয়ের জন্য হজযাত্রীদের সংগে টেলিফোনে যোগাযোগ করা হলে তারা জানান নিবন্ধন বাতিল করার জন্য এজেন্সিকে কখনো নির্দেশনা প্রদান করেননি এবং এ ধরনের কোন আবেদনপত্রেও স্বাক্ষর প্রদান করেননি। তথাপিও আপনার এজেন্সি কর্তৃক হজযাত্রীদের নাম অন্তর্ভুক্ত করে নিবন্ধন বাতিলপূর্বক রিফান্ডের আবেদন করা হয়েছে। এতে প্রতীয়মান হয় আপনি অন-লাইন আবেদন দাখিলের সময় বিভ্রান্তিমূলক তথ্য প্রদান করেছেন; যা জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০২। আপনার মালিকানাধীন সান সাইন ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-১২৪১) হজ এজেন্সির লাইসেন্স কেন বাতিল করা হবে না তার জবাব আগামী ২ দিনের মধ্যে ই-মেইলে morahajsection@gmail.com ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথা পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২-৯-২০২০

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন
সিনিয়র সহকারী সচিব

ইমেইল: hajj_sec1@mora.gov.bd


ব্যবস্থাপনা অংশীদার
জনাব জহিরুল কবির চৌধুরী, সান সাইন ট্রাভেলস
এন্ড টুরস (হজ লাইসেন্স নং-১২৪১), ১২৪-১২৫
রোজ ভিউ কমপ্লেক্স, শাহজালাল উপশহর,
সিলেট-৩১০০

স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৩৭.২০.১৪৫/১(৯)

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩) সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৫) কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
- ৬) পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা (বর্ণিত এজেন্সির ইউজার আইডি এবং পাসওয়ার্ড বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
- ৮) সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সত্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা (হজযাত্রীর নিবন্ধন বাতিল ও টাকা ফেরতের জন্য অন লাইনে আবেদন করার সময় যেন সংশ্লিষ্ট এজেন্সি যেন আবশ্যিকভাবে সতর্কতা অবলম্বন করে সে বিষয়ে সকল সদস্যকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বা অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট এজেন্সির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে)।
- ৯) অফিস কপি



২-৯-২০২০

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন
সিনিয়র সহকারী সচিব